

**পরিবার পরিকল্পনা সেবা কি কি এবং কোথায় কীভাবে পাবেন**

**সেবাসমূহঃ-**

**পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহঃ-**

পরিবার পরিকল্পনা বিষয়ক পদ্ধতিগুলো ৩ ভাগে বিভক্ত

স্বল্প মেয়াদী পদ্ধতি	(ক) খাবার বড়ি (খ) কনডম
দীর্ঘ মেয়াদী পদ্ধতি	(ক) ইনজেকশন (খ) আই ইউ ডি (গ) ইমপ্লান্ট
স্থায়ী পদ্ধতি	(ক) পুরুষ বন্ধ্যাকরণ (খ) মহিলা বন্ধ্যাকরণ

**পরিবার পরিকল্পনা সংশ্লিষ্ট সেবা সমূহঃ-**

- ১) পরিবার পরিকল্পনা বিষয়ক সেবা ও পরামর্শ।
- ২) মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সেবা ও পরামর্শ।
- ৩) প্রজনন স্বাস্থ্য এবং পুষ্টি বিষয়ক সেবা ও পরামর্শ।
- ৪) কিশোর কিশোরীদের বয়ঃসন্ধি কালীন সেবা ও পরামর্শ।

**পরিবার পরিকল্পনা পদ্ধতি ও সংশ্লিষ্ট সেবা সমূহ প্রাপ্তি স্থানঃ-**

- ১) পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ের কর্মীদের (পরিবার কল্যাণ সহকারী/ মহিলা কর্মী) মাধ্যমে ঘরে ঘরে স্বল্প মেয়াদী পদ্ধতি খাবার বড়ি ও কনডম সংশ্লিষ্ট এলাকার সকল সক্ষম দম্পতি'দের নিকট পৌঁছে দেয়া হয়। তাছাড়া কমিউনিটি ক্লিনিক সমূহে এই সেবা পাওয়া যায়।
- ২) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বল্প ও দীর্ঘ মেয়াদী পরিবার পরিকল্পনা সেবা সমূহ পাওয়া যায়।
- ৩) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলা ও জেলা পর্যায়ে মা ও শিশু কল্যাণ কেন্দ্র, বিভিন্ন বেসরকারী সংস্থা পরিবার পরিকল্পনার সকল পদ্ধতি পাওয়া যাবে।
- ৪) তাছাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪ ঘন্টা সাধারণ ডেলিভারী , জেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলা ও জেলা পর্যায়ে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ২৪ ঘন্টা সাধারণ ডেলিভারী, সিজারিয়ান ডেলিভারীসহ অফিস চলাকালীন সময় (সকাল ৯ ঘটিকা হতে দুপুর ৩.৩০ ঘটিকা) মা ও শিশুদের বিভিন্ন সাধারণ রোগের সেবা প্রদান করা হয়।

**উল্লেখ্য যে, উপরোক্ত সকল সেবা সমূহ ঔষধসহ (সরকারি বরাদ্দ থাকা স্বাপেক্ষে) বিনামূল্যে প্রদান করা হয়ে থাকে।**